

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
সভার তারিখ : ১১ ডিসেম্বর, ২০১৬ খ্রি.
সময় : সকাল ১১:০০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নম্বর-৩৩১, ভবন নম্বর-৭), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট- "ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

২। সভায় এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম গঠন, উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে প্রশিক্ষণ, ইনোভেশন বিষয়ক কর্মশালা আয়োজন এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অগ্রগতি পর্যালোচনা এবং ভবিষ্যৎ করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রমিক	সুপারিশ/সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	যে সকল দপ্তর/সংস্থা "নাগরিক সেবায় উদ্ভাবন" শীর্ষক দুই দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালা ইতোমধ্যে সম্পন্ন করেছে তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। বাংলাদেশ ব্যাংক, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, প্রবাসী কল্যাণ ব্যাংক এবং জীবন বীমা কর্পোরেশনসহ যে সকল দপ্তর/সংস্থা "নাগরিক সেবায় উদ্ভাবন" শীর্ষক দুই দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালাটি এখনো আয়োজন করেনি সে সকল প্রতিষ্ঠান আবশ্যিকভাবে আগামী ৩১ ডিসেম্বর ২০১৬ এর মধ্যে a2i প্রোগ্রামের সাথে যোগাযোগপূর্বক উক্ত প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করে এ বিভাগকে অবহিত করবে।	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
২	দপ্তর/সংস্থা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ এর নির্দেশনা অনুযায়ী স্ব স্ব "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৬" বাস্তবায়নের মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে আগামী ১৫ জানুয়ারি ২০১৭ এর মধ্যে এ বিভাগে প্রেরণ করবে।	সকল দপ্তর/সংস্থা
৩	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২১০৫ এর নির্দেশনা অনুযায়ী যে সকল দপ্তর/সংস্থা "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৭" প্রণয়ন করেছে তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়। যে সব দপ্তর/সংস্থা "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৭" প্রণয়ন করেনি তারা আগামী ৩১ ডিসেম্বর ২০১৬ এর মধ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করবে।	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
৪	যে সকল দপ্তর/সংস্থা চলমান (২০১৬) ও ২০১৭ সালের জন্য গৃহীত উদ্ভাবনসমূহের তালিকা এ বিভাগে প্রেরণ করেনি সে সকল প্রতিষ্ঠান আগামী ১৮ ডিসেম্বর ২০১৬ এর মধ্যে উদ্ভাবনসমূহের তালিকা প্রেরণ নিশ্চিত করবে।	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
৫	দপ্তর ও সংস্থার প্রশিক্ষণ কেন্দ্রের কোর্স কারিকুলামে/দপ্তর ও সংস্থার আওতায় পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক মডিউল অন্তর্ভুক্ত করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করে এ বিভাগকে অবহিত করতে হবে।	সকল দপ্তর/সংস্থা
৬	সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইটে ইনোভেশন কর্নার নামে একটি ব্লগ সংযোজন করতে হবে এবং উক্ত ব্লগে ইনোভেশন বিষয়ক তথ্য, কর্মপরিকল্পনা, নীতিমালা, ইত্যাদি প্রদর্শন করতে হবে। ইনোভেশন কর্নারে আইডিয়া প্রদান ও ফিডব্যাকের ব্যবস্থা রাখতে হবে।	সকল দপ্তর/সংস্থা
৭	আগামী ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে একটি দিনব্যাপী কর্মশালা আয়োজন করা হবে। কর্মশালায় দপ্তর/সংস্থাসমূহের চলমান (২০১৬) ও ২০১৭ সালের জন্য গৃহীত উদ্ভাবনসমূহ উপস্থাপন করা হবে। মন্ত্রিপরিষদ বিভাগ ও a2i প্রোগ্রামের কর্মকর্তাদের কর্মশালায় অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হবে। কর্মশালাটি সুষ্ঠুভাবে আয়োজনের নিমিত্ত নিম্নরূপভাবে কমিটি গঠন করা হয়:	কমিটি, ইনোভেশন টিম ও বাজেট অধিশাখা, বিএফআইডি এবং সকল দপ্তর/সংস্থা

	<p>১. মো: এমদাদুল হক চৌধুরী, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ - আহবায়ক</p> <p>২. মো: মোতাসিম বিল্লাহ, যুগ্ম পরিচালক, বাংলাদেশ ব্যাংক - সদস্য</p> <p>৩. মো: বিল্লাল হোসেন, এজিএম, সোনালী ব্যাংক লি. - সদস্য</p> <p>৪. এম এইচ এম জাহাঙ্গীর, এজিএম, জনতা ব্যাংক লি. - সদস্য</p> <p>৫. মো: মোশাররফ হোসেন, ম্যানেজার, আইসিটি, জীবন বীমা কর্পোরেশন - সদস্য</p> <p>৬. মল্লিক রওশন আলম, এজিএম, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ - সদস্য</p> <p>৭. সুমন আনোয়ার মাহমুদ, প্রোগ্রামার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ - সদস্য</p> <p>এ বিভাগের ইনোভেশন টিমের সদস্যগণ কর্মশালাটি আয়োজনে সক্রিয়ভাবে কমিটিকে সহযোগিতা প্রদান করবে।</p>	
৮	সকল দপ্তর/সংস্থা স্ব স্ব অফিসিয়াল ফেসবুক পেজ চালু করে এ বিভাগকে অবহিত করবে।	সকল দপ্তর/সংস্থা
৯	সকল দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যগণ Public Service Innovation Bangladesh ফেসবুক পেজের সাথে সংযুক্ত হবে এবং নিজস্ব ইনোভেশনসমূহ পোস্ট করবে।	সকল দপ্তর/সংস্থা এবং ইনোভেশন টিমের সদস্যগণ
১০	উদ্ভাবনীমূলক কাজে আগ্রহী, নেতৃত্ব প্রদানে সক্ষম, উচ্চতর প্রশিক্ষণ/শিক্ষা রয়েছে এবং অন্যকে সহায়তা করার মানসিকতা ও ক্ষমতাসম্পন্ন কর্মকর্তাগণকে সদস্য হিসেবে মনোনীত করে নাম ও পদবী উভয়ই উল্লেখপূর্বক ইনোভেশন কমিটি গঠন/পুনর্গঠন করতে হবে।	সকল দপ্তর/সংস্থা

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/- ১১.১২.২০১৬
(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
যুগ্মসচিব
ও
চিফ ইনোভেশন অফিসার
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

নম্বর ৫৩.০০.০০০০.২১১.৩১.০০৩.১৬-১১১

তারিখ: ১১.১২.২০১৬


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ১০, দিলকুশা, ঢাকা।
৩. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা বা/এ, ঢাকা।
৪. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮, শহিদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলশেণী প্লাজা (৭ম তলা), বড়মগবাজার, ঢাকা-১২১৭।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ভবন নং-ই-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী/বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বিএইচবিএফসি/ আইসিবি/ বাকবি/রাকাব/ আনসার-ভিডিপি/ বিডিবিএল/ প্রবাসী কল্যাণ/ কর্মসংস্থান ব্যাংক/ সাধারণ বীমা কর্পোরেশন/জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড, গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৯. ব্যবস্থাপনা পরিচালক, সোসাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, জেড হাউস, হোল্ডিং ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা।
১০. নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০।
১১. পরিচালক, বাংলাদেশ ইন্সিওরেন্স একাডেমি, ৫৩, মহাখালী বা/এ, ঢাকা।
১২. জনাব মোঃ মতিয়ার রহমান, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৩. জনাব মোঃ সাঈদ কুতুব, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৪. জনাব মোঃ এমদাদুল হক চৌধুরী, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।

১৫. জনাব মোঃ ফিরোজ উদ্দিন খলিফা, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৬. জনাব সুমন আনোয়ার মাহমুদ, প্রোগ্রামার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে :

১. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম ও মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


১২.১২.২০১৫
(মোঃ এমদাদুল হক চৌধুরী)
উপসচিব
ফোনঃ ৯৫৫৯১০৯